



একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৪-১০৯

তারিখ: ২৮/২/২০১৭ খ্রি:।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড


উপজেলা: -----, জেলা: -----।

বিষয়: পুণঃ নির্ধারিত ঋণের সিলিং ও সার্ভিস চার্জ কার্যকর করা প্রসঙ্গে।

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি’র নির্দেশনা অনুযায়ী স্মারক নং- ০৪১, তারিখ: ১৭/১/২০১৭ খ্রি: মূলে ঋণের সিলিং ও সার্ভিস চার্জ পুণঃ নির্ধারণ সংক্রান্ত পরিপত্র জারি করা হয়েছে। পরিপত্র অনুযায়ী বিতরণকৃত ঋণ সাপ্তাহিক কিস্তিতে আদায়ের শর্তে আগামী ০১/০৩/২০১৭ থেকে সার্ভিস চার্জ ফ্ল্যাট রেইট ১১% এর পরিবর্তে ৮% এবং পুণঃ নির্ধারিত ঋণের সিলিং কার্যকর হবে। যে সকল সদস্য নিয়মিতভাবে সাপ্তাহিক কিস্তিতে ঋণ পরিশোধে ব্যর্থ হবেন তাদের পুনরায় ঋণ বিতরণ করা যাবে না। যদি কোন সদস্য বিশেষ কারণে নিয়মিতভাবে সাপ্তাহিক কিস্তিতে ঋণ পরিশোধে অপরগ হয়ে অর্থ বছরের শেষ দিকে সমুদয় অর্থ পরিশোধ করেন, সে ক্ষেত্রে উক্ত সদস্যকে পুনরায় ঋণ বিতরণের ক্ষেত্রে ভালভাবে যাচাই বাছাই করতে হবে এবং কোনক্রমেই পূর্বের ঋণ পরিশোধের ০২ মাসের আগে নতুন ভাবে ঋণ প্রদান করা যাবে না। সাপ্তাহিক কিস্তিতে নিয়মিতভাবে ঋণ ও সঞ্চয়ের অর্থ আদায় না হলে সংশ্লিষ্ট এআরডিও এবং মাঠ সংগঠক উক্ত সুফলভোগী সদস্যকে পরিচালনা ও যথাযথভাবে উদ্বুদ্ধকরণে ব্যর্থ হয়েছেন মর্মে প্রতিয়মান হবে।

২। ০১/০৩/২০১৭ খ্রি: তারিখের পূর্বের বিতরণকৃত ঋণের ক্ষেত্রে পূর্বের নিয়ম বলবৎ থাকবে অর্থাৎ ১১% হারে সেবামূল্য প্রযোজ্য হবে।

এমতাবস্থায়, স্মারক নং- ০৪১, তারিখ: ১৭/১/২০১৭ মূলে জারিকৃত পরিপত্র এবং উপরোক্ত নির্দেশনা মোতাবেক ঋণ প্রক্রিয়াকরণ ও সার্ভিস চার্জ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
প্রকৌশলী মোহাম্মদ মাসুদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৩

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা :----- (বিষয়টি তদারকীর অনুরোধসহ)।
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), ইরেসপো, বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
৪. হিসাব সহকারী (সকল), ইরেসপো, বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
৫. মাঠসংগঠক (সকল), ইরেসপো, বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।